**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-৯**

**পরিপত্র**

নং ভূঃমঃশা- ৯-১৯/৯৩-৫১২/(১৫০)-বিবিধ

তারিখ ঃ ১৫ই ভাদ্র, ১৪০১ বাং
৩০শে আগষ্ট, ১৯৯৪ইং

**বিষয় ঃ দেওয়ানী আদালতের রায় মোতাবেক সরকারী সম্পত্তির ক্ষেত্রে নামজারী/ভূমি রেকর্ড সংশোধন প্রসংগে।**

সম্প্রতি মন্ত্রণালয় এই মর্মে অবহিত হইয়াছে যে, কোন এলাকায় জরিপ চলাকালীন সময়ে দেওয়ানী মামলায় রায়ের প্রেক্ষিতে জরিপ কর্মকর্তাগণ ১ নং খাস খতিয়ানভুক্ত জমির রেকর্ড সংশোধন করত ব্যক্তি মালিকানায় রেকর্ড করিয়া থাকেন।

২। সরকারের ১ নং খাস খতিয়ানভুক্ত জমি, জলা, সম্পত্তি ইত্যাদি সাবেক জমিদার বা মালিক প্রদত্ত হাতচিটা, দলিল ইত্যাদির ভিত্তিতে ভূমিগ্রাসীমহল দেওয়ানী আদালতে স্বত্ব ঘোষণার মামলা দায়ের করিয়া প্রায় ক্ষেত্রে একতরফা ডিক্রী করিয়া আসিতেছে। কোন কোন ক্ষেত্রে কালেক্টরকে পক্ষভুক্ত করা হয়ে থাকিলেও সমনাদি যথারীতি জারী না করা জনিত ও অন্যান্য কারণে একতরফা বা দোতরফা ডিক্রী হইয়া থাকে।

৩। দেওয়ানী আদালতের প্রাথমিক ডিক্রীর মূলে কোন সম্পত্তির নামজারী/রেকর্ড সংশোধন কার্যক্রম গ্রহণ না করিয়া উচ্চতর আদালতে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য এবং চূড়ান্ত নিস্পত্তির পূর্ব্বে ভূমি মন্ত্রণালয়কে অবহিত করিয়া মন্ত্রণালয়ের মতামত গ্রহণপূর্ব্বক নামজারী কার্যক্রম চূড়ান্ত অনুমোদন প্রদানের বিষয়ে বিস্তারিতভাবে অত্র মন্ত্রণালয় থেকে স্মারক নং-ভূঃমঃ/শা-৯-১৯-২১৪০/৫৮২, তারিখ ১১-৫-৯৪ইং পরিপত্র জারী করা হইয়াছে। কালেক্টর কর্তৃক উচ্চতর আদালতের মাধ্যমে উল্লেখিত কার্যক্রম চূড়ান্ত না করা পর্যন্ত জরিপ কর্মকর্তাগণকে সরকারী খাসজমি অন্য কাহারো নামে রেকর্ড করা আবশ্যিকভাবে বন্ধ রাখিতে হইবে।

স্বা/-আব্দুল মুয়ীদ চৌধুরী
ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব
ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং ভূঃমঃশা- ৯-১৯/৯৩-৫১২/(১৫০)-বিবিধ

তারিখ ঃ ১৫ই ভাদ্র, ১৪০১ বাং
৩০শে আগষ্ট, ১৯৯৪ইং

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হইল ঃ-**

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩,মতিঝিল বা/এ, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ...................... (সকল)।
৫। জেলা প্রশাসক, ............................ (সকল)।
৬। জোনাল সেটেলমেন্ট অফিসার ................. (সকল)
৭। সেটেলমেন্ট অফিসার ........................ (সকল)।

**স্বা/- (মুহাম্মদ আব্দুল আলীম খান)**
উপ-সচিব (আইন)
ভূমি মন্ত্রণালয়।